

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবরোধ অব্যাহত

(২৪)

উপাচার্য সপরিবারে জিম্মি প্রধানমন্ত্রীর কাছে তারবার্তা

৭

।। নিজস্ব প্রতিনিধি।।
চট্টগ্রাম, ৪ আগস্ট।-ইসলামী ছাত্রশিবিরের বহিরাগত সশস্ত্র বাহিনীর হাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও তার পরিবারকে এখনও জিম্মি হয়ে আছেন। তাঁর পদত্যাগের দাবিতে গত শনিবার সকাল ৮টায় শিবিরের সশস্ত্র বাহিনী তার বাসভবনের চারপাশে যে অবরোধ ব্যুহ

রচনা করেছিল তা এখনও অব্যাহত রয়েছে। তার বাসভবনের বিদ্যুৎ, পানি, গ্যাস ও টেলিফোন সংযোগ এখনও বিচ্ছিন্ন। বাইরের কাউকেই তারা উপাচার্যের সঙ্গে যোগাযোগ করতে দিচ্ছে না। উপাচার্য ভবনের সাথে শিবির কর্মীরা একটি মাইক লাগিয়ে সর্বক্ষণ উপাচার্য ও তাঁর পরিবারবর্গের উদ্দেশে অশালীন বক্তৃতা

দিচ্ছে, উচ্চস্বরে ঢোল-বাদ্য বাজাচ্ছে। সেই সঙ্গে অশ্লীল দেহভঙ্গী করে নাচগান করছে। এজন্যে তারা সেখানে একটি তাবুও খাটিয়েছে।
আজ উপাচার্যের স্বাস্থ্য পরীক্ষার জন্যে একজন ডাক্তার উপাচার্য ভবনে যেতে চাইলে তাকে শিবির কর্মীদের বাধার মুখে ফিরে আসতে হয়। খবর শেষ পৃঃ ৭-এর কলামে

উপাচার্য এখনো

প্রথম পৃষ্ঠার পর

পাওয়া গেছে, গতকাল রাত থেকে উপাচার্যের বাসায় খাবার দাবার ফুরিয়ে গেছে। বাজারের অভাবে আগামীকাল থেকে তাঁর বাসার রান্না-বান্নাও বন্ধ হয়ে যাবে।

ক্যাম্পাসে কিছুসংখ্যক পুলিশ থাকলেও তারা সম্পূর্ণভাবে নিবিষ্কার। পুলিশের মতে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের হুকুম পেলে আধঘন্টার মধ্যে এ সজাসীদের উৎখাত করা সম্ভব।

গতকাল শতাধিক বিশ্ববিদ্যালয় শিক্ষক পুলিশের ডিআইজি এম এ খালেকের সাথে সাক্ষাৎ করেন এবং তাকে বিশ্ববিদ্যালয়ে বিরাজমান সজাসী কার্যকলাপ সম্পর্কে অবহিত করেন। তিনি উপাচার্যের ব্যক্তিগত নিরাপত্তার ব্যাপারে আশ্বাস দিলেও অবরোধকারী সজাসী গোষ্ঠীর বিরুদ্ধে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন না থাকায় কোন প্রকার ব্যবস্থা গ্রহণ করতে অপারগ বলে জানান।

বর্তমানে হলসমূহে শিবিরের বহিরাগত সশস্ত্র বাহিনী ছাড়া অন্যান্য সংগঠনের কোন কর্মী বা সমর্থক নেই।

সজাসীদের দাবির মুখে উপাচার্য কোন অবস্থাতেই পদত্যাগ না করার সিদ্ধান্ত নিয়েছেন বলে জানা গেছে।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে শিবিরের সজাসীদের কবল থেকে রক্ষা করার জন্যে প্রত্যক্ষ আবেদন জানিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিডিকিটের নির্বাচিত শিক্ষক সদস্যবৃন্দ অস্থায়ী রাষ্ট্রপতি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রীর কাছে আজ এক জরুরী তারবার্তা পাঠিয়েছেন বলে জানা গেছে।

সরকার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে জামাত-শিবিরের সজাসীদের হাতে ছেড়ে দেয়নি এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকসহ সর্বস্তরের জনমনে প্রচণ্ড ক্ষোভ দানা বেঁধে উঠেছে।

অপরদিকে চাকসু ও সর্বদলীয় ছাত্রলীগ আজ বিশ্ববিদ্যালয়কে সজাসীদের কবলমুক্ত করার দাবিতে বিশ্ববিদ্যালয়ের টেন স্টেশনে এবং শহরের দোস্ত বিল্ডিং চত্বরে পৃথক পৃথক ২টি সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তারা অবিলম্বে ফারুক হত্যার আসামীদের গ্রেফতার ও বিশ্ববিদ্যালয়কে সজাস মুক্ত করার দাবি জানিয়েছেন।